প্রথম আলো

# বিশ্বের ৩০০ ইনোভেটিভ বিশ্ববিদ্যালয়ে মধ্যে উরি র‍্যাঙ্কিংয়ে উত্তরা ইউনিভার্সিটি




প্রকাশ: ১০ জুন ২০২৪, ১৬: ৩৬

বিশ্বের শীর্ষ ৩০০ ইনোভেটিভ ইউনিভার্সিটির মধ্যে উরি (WURI) ২০২৪ র‍্যাঙ্কিংয়ে জায়গা করে নিয়েছে উত্তরা ইউনিভার্সিটি। শীর্ষ ২৫-এ রয়েছে অক্সফোর্ড ইউনিভার্সিটি, কেমব্রিজ ইউনিভার্সিটি, হার্ভার্ড ইউনিভার্সিটি, প্রিন্সটন ইউনিভার্সিটি ও স্ট্যানফোর্ড ইউনিভার্সিটি।

সম্প্রতি প্রকাশিত হওয়া ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ফর ইনোভেশন ২০২৪-এর রিপোর্ট অনুযায়ী ৩টি ক্যাটাগরির মধ্যে রয়েছে উত্তরা ইউনিভার্সিটির অবস্থান। বিশ্বের শীর্ষ ১০০ ইউনিভার্সিটির মধ্যে উরি র‍্যাঙ্কিংয়ে স্টুডেন্ট সাপোর্ট অ্যান্ড এনগেজমেন্টে ওয়ার্ল্ড র‍্যাঙ্কিংয়ে ১২তম অবস্থানে রয়েছে বাংলাদেশের উত্তরা ইউনিভার্সিটি। এই ক্যাটাগরিতে বাংলাদেশের মধ্যে উত্তরা ইউনিভার্সিটির অবস্থান প্রথম। বাংলাদেশের আর কোনো বিশ্ববিদ্যালয় এই ক্যাটাগরিতে নেই। এই ক্যাটাগরিতে ফিলিপাইনের ইউনিভার্সিটি অব বাগুইও প্রথম, মেক্সিকোর ইউনিভার্সিডাদ দে লাস আমেরিকা দ্বিতীয় স্থানে আর উত্তর থাইল্যান্ডের চিয়াং মাই ইউনিভার্সিটি আছে তৃতীয় স্থানে। এ ক্যাটাগরিতে ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়ার অবস্থান ১৫তম।

শীর্ষ ১০০ ইউনিভার্সিটির মধ্যে উরি র‍্যাঙ্কিংয়ে সাপোর্ট ফর গ্লোবাল রেজিলেন্স ক্যাটাগরিতে ১৭তম অবস্থানে আছে উত্তরা ইউনিভার্সিটি। এখানে শীর্ষে আছে দক্ষিণ কোরিয়ার হাংকুক ইউনিভার্সিটি অব ফরেন স্টাডিজ।

শীর্ষ ১০০ ইউনিভার্সিটির মধ্যে উরি র‍্যাঙ্কিংয়ে ইনফ্রাস্ট্রাকচার ও টেকনোলজি ক্যাটাগরিতে উত্তরা ইউনিভার্সিটি আছে ২২তম অবস্থানে। এ ক্যাটাগরিতে শীর্ষ তিনে রয়েছে—চিলির ইউনিভার্সিটিড অস্ট্রাল, আর্জেন্টিনার পন্টিফিক্যাল ইউনিভার্সিটিড ক্যাথলিক ইউনিভার্সিটি ও অস্ট্রেলিয়ার ইউএনএসডাব্লিউ সিডনি ইউনিভার্সিটি। এ ক্যাটাগরিতে বাংলাদেশের মোট সাতটি ইউনিভার্সিটি স্থান পেয়েছে।

ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ফর ইনোভেশন ৭ জুন ফ্রাঙ্কলিন ইউনিভার্সিটি সুইজারল্যান্ডের চতুর্থ এইচএলইউ কনফারেন্সে ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ২০২৪ প্রকাশ করেছে।

এ অর্জনের জন্য উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ইয়াসমীন আরা লেখা ও ইউনিভার্সিটির সহ-উপাচার্য অধ্যাপক গৌর গোবিন্দ গোস্বামী ইউনিভার্সিটি পরিবারের সদস্যসহ সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানিয়েছেন।